

# সড়ক নিরাপত্তা

## আপনার শিশুকে যানবাহনের ভিতরে এবং বাইরে নিরাপদে রাখুন

একটি অনুমোদিত চাইল্ড কার সিটে সঠিকভাবে সুরক্ষিত একটি শিশু দুর্ঘটনায় নিহত বা আহত হওয়ার সম্ভাবনা কম।

চার থেকে সাত বছরের কম বয়সী শিশুরা দুই বা ততোধিক সারিযুক্ত গাড়ির সামনের সিটে বসতে পারে না, যদি না বাচ্চাদের কার সিটে সাত বছরের কম বয়সী শিশুরা পিছনের অন্য সব আসন দখল করে থাকে। দুই বা ততোধিক সারিযুক্ত গাড়িতে সবচেয়ে ছোট বাচ্চাদেরকে পিছনের আসনে বসানো সবচাইতে ভালো।

ন্যাশনাল চাইল্ড রেস্ট্রিক্টস আইন মোতাবেক একটি যানবাহনে আপনার শিশুকে নিম্নলিখিতভাবে বাঁধতে (সিটবেল্ট পরাতে) হবে:

### ০ - ৬ মাস

অনুমোদিত পিছন-মুখী চাইল্ড কার সিট।

### ৬ মাস - ৪ বছর

অনুমোদিত পিছন বা সম্মুখ-মুখী চাইল্ড কার সিট।

### ৪+ বছর

অনুমোদিত সম্মুখ-মুখী চাইল্ড কার সিট বা বুস্টার সিটবেল্ট।

### ১৪৫ সেমি বা তার চাইতে লম্বা

প্রাপ্তবয়স্কদের ল্যাপ-স্যাশ সিটবেল্ট ব্যবহার করার জন্য প্রস্তাবিত ন্যূনতম উচ্চতা।

আরও তথ্যের জন্য এবং চাইল্ড কার সিটের সম্বন্ধে খুঁজে পেতে এবং তুলনা করতে, [childcarseats.com.au](http://childcarseats.com.au) দেখুন

আপনার সন্তানকে গাড়ির ভিতরে এবং বাইরে নিরাপদ রাখতে এখানে কয়েকটি টিপস দেওয়া হল:

- আপনার সন্তানকে সর্বদা 'সেফটি ডোর'-এর মাধ্যমে গাড়ির ভেতরে ও বাইরে যেতে সাহায্য করুন। এটি গাড়ির পিছনের কার্ব সাইড দরজা।
- আপনার সন্তানকে বাকল আপ করতে (সিটবেল্ট লাগাতে) সাহায্য করুন - সবসময় পরীক্ষা করুন যে সিটবেল্টটিতে প্যাঁচ লাগানো নেই আর দৃঢ়ভাবে বাকল আপ করা আছে।
- এটি একটি নিয়ম তৈরি করুন যে আপনি গাড়ি শুরু করার আগে প্রতিটি যাত্রীকে নিরাপদে সিটবেল্ট বা

চাইল্ড কার সিটে লাগিয়ে রাখতে হবে।

- গাড়িতে থাকা অবস্থায় ঘুমন্ত শিশুকে সবসময় দৃঢ়ভাবে সুরক্ষিত রাখুন।
- প্রাপ্তবয়স্কদের তত্ত্বাবধান ছাড়া কোনও বয়সের শিশুকে কখনই গাড়িতে রাখবেন না। শিশুরা দ্রুত পানিশূন্যতা, তাপ নিঃশেষ হওয়া এবং অঙ্গ-প্রত্যঙ্গের ব্যর্থতায় ভুগতে পারে, বিশেষ করে গরমের দিনে।

শিশুরা আপনার কাছ থেকে নিরাপদ সড়ক ব্যবহার করার অভ্যাস শিখবে এবং একা ভ্রমণের জন্য যথেষ্ট বড় হলে সেই অভ্যাস বজায় রাখবে।



সড়কে শিশুদের নিরাপদ রাখার বিষয়ে আরও তথ্যের জন্য এর পরিবার বিভাগের [safetytown.com.au](http://safetytown.com.au)- যান



আপনার সন্তানের সাথে শেয়ার করার জন্য প্রধান সড়ক নিরাপত্তা বার্তা

- ক্লিক, ক্ল্যাক, সামনে এবং পিছনে
- সর্বদা নিরাপদে বাকল আপ আপ করুন
- ফুটপাথের পাশ দিয়ে গাড়িতে তুলুন এবং নামান